দৈনিক ইত্তেফাক

তারিখ JUN. 4 1999
পৃঃ ৪ কলাম ৫

১৯০

# মেডিকেল শিক্ষক সমিতি ফেডারেশনের নির্বাচন প্রসঙ্গে

বাংলাদেশ মেডিকেল শিক্ষক সমিতি ফেডারেশন বাংলাদেশের চিকিৎসা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের প্রতিনিধিত্বকারী জাতীয় সংগঠন। গত ৩রা মে এই সংগঠনের কেন্দ্রীয় কমিটির নির্বাচন অনুষ্ঠিত হইয়াছে। ৫ বছর পর এই নির্বাচন অনুষ্ঠিত হইল। এইবারের নির্বাচনে ২টি প্যানেল ছিল, যাহা দেশের দুই ধারার রাজনীতি দ্বারা প্রভাবিত ছিল। দুইটি প্যানেলই অতীতের সমালোচনা করিয়াছেন এবং ভবিষ্যৎ করণীয় সম্পর্কে সুচিন্তিত মতামত চাহিয়াছেন। তবে নিজেদের সমালোচনা তাহারা একটুও করেন নাই। অপ্রিয় এই কথাটি বলিতে বাধ্য হইলাম এই কারণে যে, ভোট দিতে গিয়া দেখি ভোটার তালিকায় আমার নাম নাই। এমন আরো বেশ কয়েকজনের নাম বাদ পড়িয়াছে। শুনিলাম এই ভোটার তালিকা নাকি আড়াই বছর আগে তৈরি করা। একটি দায়িত্বশীল সংগঠনের জন্য ইহা বড়ই বেমানান। কারণ তিন/চারশত শিক্ষকের ভোটার তালিকা নির্বাচনের এক মাস আগেও হাল নাগাদ করা মোটেও কঠিন কাজ নহে। তাই বলিতেছি, অন্যের সমালোচনা করার কালচার বর্জন করিয়া আত্মসমালোচনার কালচার চালু করা উচিত। তাহা হইলে অনেকেরই ভোটাধিকার খর্ব হইবে না এবং একটি সার্বজনীন কমিটি নির্বাচিত হইবে।

ডাঃ এম,এ, ওয়াহেদ,
সহকারী অধ্যাপক,
রংপুর মেডিকেল
কলেজ, রংপুর